

2022

BENGALI

Paper : CC-8

( Rabindra Literature—I )

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks  
for the questions*

১। বিকল্প সমন্বিত প্রশ্নগুলির শুদ্ধ উত্তরটি নির্বাচন করো : ১×৬=৬

(ক) ‘সোনার তরী’ কবিতায় শূন্য নদীর তীরে কে একা পড়ে থাকল ?

(i) কৃষক

(ii) মাঝি

(iii) তরী

(iv) ছোট খেত

(খ) “চিহ্ন তব পড়ে আছে, তুমি হেথা নাই।”

কোন কবিতার অংশবিশেষ ?

(i) ‘নির্বাসনের স্বপ্নভঙ্গ’

(ii) ‘চিত্রা’

(iii) ‘শা-জাহান’

(iv) ‘দুঃসময়’

( 2 )

- (গ) অস্বাভাবিক পুত্রের নাম কী ?
- বিভূতি
  - অভিজিৎ
  - সুমন
  - সঞ্জয়
- (ঘ) উত্তর ভৈরবের মন্দিরে কে ঘণ্টা বাজায় ?
- লহমন
  - নিমকু
  - হুকা
  - কঙ্কর
- (ঙ) 'ঘরে-বাইরে' উপন্যাসটি কাকে উৎসর্গ করা হয় ?
- কাদম্বরী দেবী
  - ইন্দিরা দেবী
  - দেবেন্দ্রনাথ সেন
  - প্রমথ চৌধুরী
- (চ) বিমলার সঙ্গিনী আর শিক্ষক কে ছিলেন ?
- মিস গিলবি
  - চন্দ্রনাথবাবু
  - সন্দীপ
  - নিখিলেশ

( 3 )

- ২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০
- (ক) শূন্যস্থান পূর্ণ করো :  
“জাগিয়া উঠেছে \_\_\_\_\_,  
ওরে উথলি উঠেছে \_\_\_\_\_,”
- (খ) 'যেতে নাহি দিব' কবিতাটি কোন্ পত্রিকায় প্রথম প্রকাশিত হয় ? কবিতায় কবির কন্যার বয়স কত ?
- (গ) 'মুক্তধারা' নাটকে যন্ত্ররাজের নাম কী ? নাটকে সে কত বছর ধরে মুক্তধারার ঝর্ণা বাঁধার যন্ত্রকে বেঁধেছে ?
- (ঘ) 'ঘরে-বাইরে' উপন্যাসটি গঠনগত বিচারে কী জাতীয় উপন্যাস ? উপন্যাসটিতে মোট কয়টি পরিচ্ছেদ রয়েছে ?
- (ঙ) “She should never have looked at me....” ‘ঘরে-বাইরে’ উপন্যাসে কার জবানীতে কবিতাটি শোনা যায় ? কবিতাটি প্রকৃতপক্ষে কোন্ বিখ্যাত কবির রচনা ?
- ৩। নিম্নলিখিত যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও : ৫×৬=৩০
- (ক) 'নির্ব্বারের স্বপ্নভঙ্গ' কবিতায় কবির উপলব্ধি সংক্ষেপে বর্ণনা করো।
- (খ) “তবু বিহঙ্গ, ওরে বিহঙ্গ মোর,  
এখনি, অন্ধ, বন্ধ কোরো না পাখা ॥”  
প্রসঙ্গ ব্যাখ্যা করো।

- (গ) “স্মৃতিভারে আমি পড়ে আছি,  
ভারমুক্ত সে এখানে নাই।”  
পংক্তিটি কোন্ কবিতার অংশবিশেষ? উদ্ধৃত পংক্তিটির  
তাৎপর্য বিশ্লেষণ করো।
- (ঘ) ‘মুক্তধারা’ নাটকে রণজিৎ চরিত্রটি সংক্ষেপে আলোচনা  
করো।
- (ঙ) ‘মুক্তধারা’ নাটকের নাট্যঘটনায় ও জটিলতা সৃষ্টিতে  
বিশ্বজিতের ভূমিকা সংক্ষেপে বর্ণনা করো।
- (চ) উত্তর কূটের শিক্ষা ব্যবস্থা সংক্ষেপে তোমার নিজের  
ভাষায় বর্ণনা করো।
- (ছ) “মেয়েদের উপর যে তাঁর হৃদয় করুণায় ভরা।”  
‘ঘরে-বাইরে’ উপন্যাসে উদ্ধৃত উক্তিটি কার জবানীতে  
শোনা যায়? এখানে ‘তাঁর’ বলতে কাকে বোঝানো  
হয়েছে? উদ্ধৃত উক্তিটিতে আলোচ্য ব্যক্তির করুণার  
দু-একটি উদাহরণ তুলে ধরো।
- (জ) “দেশকে আমি সেবা করতে রাজি আছি, কিন্তু বন্দনা  
করবো যাঁকে তিনি ওর চেয়ে অনেক উপরে, দেশকে যদি  
বন্দনা করি তবে দেশের সর্বনাশ করা হবে।” কার  
উক্তি? উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো।
- (ঝ) চন্দ্রনাথবাবুর জীবন-দর্শন সম্পর্কে সংক্ষেপে আলোচনা  
করো।

- ৪। নিম্নলিখিত যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০
- (ক) ‘সোনার তরী’ কবিতাটির নিগূঢ় অর্থের তাৎপর্য উদ্ঘাটন  
করো।
- (খ) “অভিজিৎ হচ্ছে সেই মারনেওয়ালার ভিতরকার গীড়িত  
মানুষ।” রবীন্দ্রনাথের এই উক্তির আলোকে অভিজিৎ  
চরিত্রটি বিশ্লেষণ করো।
- (গ) ‘ঘরে-বাইরে’ উপন্যাসের বিমলা চরিত্রটির মনস্তাত্ত্বিকতা  
বিচার করো।
- ৫। নিম্নলিখিত যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১৪
- (ক) “একদিকে একটা অপ্রভেদী লৌহ্যস্তের মাথা অন্যদিকে  
ভৈরব মন্দির চূড়ার ত্রিশূল।” এই দুটি প্রতীক ‘মুক্তধারা’  
নাটকের অন্তর্নিহিত ভাবটিকে প্রকাশ করেছে, আলোচনা  
করো।
- (খ) “‘যেতে নাই দিব’ কবিতায় আখ্যান এবং দার্শনিক চিন্তা  
একত্রিত হইয়া আছে।” সমালোচকের এই মন্তব্যের  
আলোকে কবিতাটি বিশ্লেষণ করে উক্তিটির যথার্থতা  
নিরূপণ করো।

\*\*\*